(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ২০২১-২০২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ৪র্থ সভার কার্যরিররণীঃ

| | |
|---|---|
| সভাপতি | প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর<br>সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি |
| সভার তারিখ | ১৭/০৪/২০২২ খ্রি |
| সভার সময় | সকাল ১১:৩০ টা |
| স্থান | সভা কক্ষ (৬ষ্ঠ তলা), ইউজিসি ভবন, ঢাকা। |
| উপস্থিতি | পতাকা-ক |

**সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান এবং সভায় উপস্থিত হওয়ায় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য কমিশনের** ইনোভেশন টিমের সদস্য-সচিব ও ফোকাল-পয়েন্ট এবং সিনিয়র সহকারী **পরিচালক রবিউল ইসলামকে নির্দেশ প্রদান করেন।**

**সদস্য-সচিব আলোচ্যসূচী অনুযায়ী অগ্রগতি/করণীয় বিষয়ে সভায় উপস্থাপন করেন।** বিস্তারিত আলোচনা শেষে উপস্থিত সকল সদ্যসের **সম্মতিক্রমে** সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী ০১।** কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী অবহিতকরণ এবং অনুমোদন।

**সিদ্ধান্তঃ** ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের ১৩/০৩/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৩য় সভার কার্যবিবরণী **(পতাকা-খ** সংযুক্ত) সর্বসম্মতভাবে **নিশ্চিত** ও অনুমোদন করা হয় ।

**আলোচ্যসূচী ০২।** ইনোভেশন টিমের ৩য় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।

**গৃহীত পদক্ষেপঃ**

-----------------------------------------------------------------------------------------------------------

**সিদ্ধান্ত: ২।** কমিশনের ইনোভেশন টিমের ২য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। উক্ত সভার ৩(গ) সিদ্ধান্তের (উদ্ভাবনী ধারণা 'ই-অডিট মাসিক রিপোর্ট' বাস্তবায়ন) বিষয়টি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অংশ বাদ দিয়ে শুধুমাত্র বিশ্ববিদ্যালয় ও কমিশনের অংশ বাস্তবায়নের লক্ষ্যে কমিশনের স্পেসিফিকেশন, প্রাক্কলন ও

শিডিউল প্রস্তুত সংক্রান্ত কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** সিদ্ধান্ত অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কমিশনের স্পেসিফিকেশন, প্রাক্কলন ও শিডিউল প্রস্তুত সংক্রান্ত কমিটির নিকট পত্র প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট কমিটি কর্তৃক কার্যক্রম চলমান রয়েছে।

**সিদ্ধান্ত-৩:** কমিশনের বেসরকারী বিশ্ববিদ্যালয় বিভাগ কর্তৃক নিম্নোক্ত শিরোনামে উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়িত হওয়ায় অফিস আদেশ জারীর সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | উদ্ভাবনের শিরোনাম | অর্থবছর |
|---|---|---|
| ১) | **বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইউনিক পরিচিতি নম্বর** | ২০২১-২০২২ |

**অগ্রগতিঃ** বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী ১৪/০৩/২০২২ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে এবং তা কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন বক্সে আপলোড করা হয়েছে।

**সিদ্ধান্ত-৪:** কমিশনের ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে নিয়ে ২১-২২ মার্চ ২০২২ তারিখ ২দিন ব্যাপি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় প্রশিক্ষণটি আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী কমিশনের ২৫ (পচিঁশ) জন কর্মকর্তাকে নিয়ে ২১-২২ মার্চ ২০২২ তারিখ ২দিন ব্যাপি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৩য় প্রশিক্ষণটি আয়োজন করা হয়েছে।

**সিদ্ধান্ত-৫(বিবিধ):** কমিশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ থেকে প্রাপ্ত **"বিশ্ববিদ্যালয়ের প্রকল্পসমূহের পর্যবেক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত তথ্য ভান্ডার তৈরী"** শিরোনামে প্রাপ্ত উদ্ভাবনী ধারণাটি উপস্থাপন ও আলোচনা করা হয় এবং তা বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**অগ্রগতিঃ** বর্ণিত উদ্ভাবনী ধারণাটি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য কমিশনের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগকে পত্র দেওয়া হয়েছে।

------------------------------------------------------------------------------------------------------------------------

**সিদ্ধান্তঃ** ১৩/০৩/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত কমিশনের ইনোভেশন টিমের ৩য় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্যসূচী ০৩।** কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর জুলাই'২০২১ থেকে মার্চ'২০২২ পর্যন্ত ৯(নয়) মাসের অগ্রগতি পর্যালোচনা।

**সিদ্ধান্তঃ** কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর ৯ (নয়) মাসের (জুলাই'২০২১ থেকে মার্চ'২০২২ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি (প্রতিবেদন **'পতাকা-গ'** সংযুক্ত) বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয় এবং কার্যক্রম [২.২.৫] দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের লক্ষ্যে দেশের অভ্যন্তরে বাস্তবায়িত উল্লেখযোগ্য উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী ০৪।** কমিশনের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়ন সংক্রান্ত ৪র্থ প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা।

**সিদ্ধান্তঃ** কমিশনের যেসব বিভাগ/শাখা/দপ্তরের কর্মকর্তাগণের ই-নথি সংক্রান্ত অধিকতর প্রশিক্ষণ প্রয়োজন সেসব বিভাগ/শাখা/দপ্তরের ১৫ জন কর্মকর্তাগণকে নিয়ে কমিশনের কম্পিউটার ল্যাবে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে ২৫-২৬ এপ্রিল ২দিন ব্যাপি ই-নথি সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী ০৫।** '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ৪র্থ সভা/কর্মশালা আয়োজনের বিষয়ে আলোচনা।

সিদ্ধান্তঃ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণের লক্ষ্যে দক্ষিণাঞ্চল জোনের নিম্নেবর্ণিত ৯(নয়)টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিদের (উপাচার্য/উপর্যুক্ত প্রতিনিধি, ইনোভেশন টিম প্রধান ও ইনোভেশন ফোকাল পয়েন্ট) ও আয়োজক বিশ্ববিদ্যালয়ের অনুষদের ডিন, রেজিস্ট্রারসহ সংশ্লিষ্ট পরিচালকগণ এবং কমিশনের সংশ্লিষ্ট/ইনোভেশনের টিমের সদস্যের সমন্বয়ের ৫৫ জন প্রতিনিধি নিয়ে '৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ৪র্থ কর্মশালাটি মে/জুন'২০২২ মাসে ''**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম**' আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | বিশ্ববিদ্যালয়ের নাম |
|---|---|
| ১ | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম |
| ২ | চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়,চট্টগ্রাম |
| ৩ | নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সোনাপুর, নোয়াখালী |
| ৪ | কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কোটবাড়ি, কুমিল্লা |
| ৫ | চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম |
| ৬ | রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি |
| ৭ | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, ঢাকা |
| ৮ | চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম |

**আলোচ্যসূচী ০৫।** বিবিধ।

**সিদ্ধান্তঃ** আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি: বর্ণনামতে (পতাকা-ক, পতাকা-খ ও পতাকা-গ সংযুক্ত ।

প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর
সদস্য ও আহ্বায়ক, ইনোভেশন টিম, ইউজিসি

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০৫৫.৫৬.০০২.২১.৩৫

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত পরিচালক / সিনিয়র আইটি ইঞ্জিনিয়ার , ইনফরমেশন ম্যানেজমেন্ট, কমিউনিকেশন এন্ড ট্রেনিং অনুবিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (কমিশনের ওয়েবসাইটের ইনোভেশন বক্সে আপলোডের অনুরোধ করা হলো)

২) পিএস (উপ-সচিব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৩) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) সহকারী সচিব, সদস্যের দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৫) ব্যক্তিগত কর্মকর্তা (পি ও) , সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

৬) নথি, ইউজিসি

৭) মহানথি, ইউজিসি

রবিউল ইসলাম
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)